জুলাই সনদ নিয়ে পৃথক গণভোট আয়োজনের বাস্তবতা এখন আর নেই: নূর

সংগৃহীত ছবি

গণঅধিকার পরিষদের সভাপতি নুরুল হক নুর বলেছেন, জুলাই সনদ নিয়ে আলাদা গণভোট আয়োজন এখন বাস্তবসম্মত নয়। কয়েক মাস আগে এমন উদ্যোগ গ্রহণযোগ্য হলেও বর্তমান পরিস্থিতিতে জাতীয় নির্বাচনই সবচেয়ে গুরুত্বপূর্ণ। একদিনে নির্বাচন ও গণভোটের সরকারি ঘোষণা তিনি সময়োপযোগী বলে উল্লেখ করেন। তিনি জানান, জুলাই সনদ নিয়ে থাকা রাজনৈতিক উদ্বেগ প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের ভাষণে অনেকটাই দূর হয়েছে।

নুর বলেন, আগামী ফেব্রুয়ারিতে জাতীয় নির্বাচন হওয়া এখন নিশ্চিত। তবে রাজনৈতিক দলগুলোর অভ্যন্তরীণ বিভাজন ও পারস্পরিক অবিশ্বাস নির্বাচন প্রক্রিয়াকে ক্ষতিগ্রস্ত করতে পারে। বড় রাজনৈতিক দলগুলোর অবস্থান নিয়ে তিনি সমালোচনা করে বলেন—অনেকে এখন শুধু ভোটের জন্য আওয়ামী তোষামোদে ব্যস্ত। ১৩ নভেম্বরের লকডাউনে প্রশাসনের ভূমিকা নিয়ে হতাশা প্রকাশ করে তিনি সতর্ক করেন, এমন পরিস্থিতি চললে সুষ্ঠু নির্বাচন কঠিন হবে।

তিনি আরও বলেন, সরকার নির্বাচনমুখী পথে রয়েছে এবং কার্যকর নির্বাচন নিশ্চিতে সব রাজনৈতিক দলকে সহযোগিতা করতে হবে। সকল প্রার্থী যাতে নিরাপদে ও বাধাহীনভাবে প্রচারণা চালাতে পারে—এটি বড় দলগুলোর দায়িত্ব বলেও মন্তব্য করেন। নূর নতুন বাংলাদেশ ও জুলাই সনদের পক্ষে জনসমর্থন জোরদার করার আহ্বান জানান। বিএনপি–জামায়াতের উদ্দেশে তিনি বলেন, ২০১৮ সালের কোটা আন্দোলন আজকের পরিবর্তনের পথ তৈরি করেছে—তাদের অবমূল্যায়ন রাজনৈতিকভাবে ক্ষতিকর হবে।

প্রসঙ্গত, প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস ১৩ নভেম্বরের ভাষণে ফেব্রুয়ারির প্রথমার্ধে জাতীয় নির্বাচন ও একই দিনে গণভোট অনুষ্ঠিত হবে বলে ঘোষণা দেন। সংবিধানের ৩০টি মৌলিক বিষয়ে জাতীয় ঐক্যমত্য কমিশনের অগ্রগতিকে তিনি ভবিষ্যতের ইতিবাচক সংকেত হিসেবে উল্লেখ করেন।